ডিএসইর পর্ষদে চীনা কনসোর্টিয়ামের প্রস্তাব গৃহীত

কৌশলগত অংশীদার হিসেবে শেষ পর্যন্ত চীনের শেনঝেন ও সাংহাই স্টক এক্সচেঞ্জের যৌথ কনসোর্টিয়ামের প্রস্তাব গ্রহণ করেছে ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) পরিচালনা পর্ষদ। গতকাল পরিচালনা পর্ষদের সভায় চীনাদের কৌশলগত বিনিয়োগ গ্রহণের চূড়ান্ত সিদ্ধান্ত নেয় স্টক এক্সচেঞ্জটি। কর্মকর্তারা জানিয়েছেন, দ্রুতই তা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) অনুমোদনের জন্য পাঠানো হবে। এর আগে গত মঙ্গলবার কৌশলগত বিনিয়োগকারীদের প্রস্তাব সংবলিত টেন্ডার বক্স উন্মোচন করে ডিএসই। সেখানে দেখা যায়, প্রায় ১ হাজার কোটি টাকায় দেশের প্রধান স্টক এক্সচেঞ্জটির এক-চতুর্থাংশ শেয়ার কিনতে চায় শেনঝেন ও সাংহাই স্টক এক্সচেঞ্জের যৌথ কনসোর্টিয়াম। কৌশলগত বিনিয়োগকারী হিসাবে ডিএসইর প্রতি শেয়ারের জন্য তারা দরপ্রস্তাব করে ২২ টাকা। এ হিসাবে তারা ডিএসইর ১৮০ কোটি শেয়ারের এক-চতুর্থাংশ বা ৪৫ কোটি শেয়ারের জন্য প্রায় হাজার কোটি টাকা বিনিয়োগ করবে। পর্ষদে তাদের একজন পরিচালক রাখার প্রস্তাব রয়েছে। প্রস্তাব অনুসারে, কৌশলগত অংশীদার হতে পারলে এ বিনিয়োগকারীরা ১০ বছর ডিএসইকে প্রযুক্তি ও কৌশলগত সহায়তা দেবে, যার আর্থিক মূল্য উল্লেখ করা হয়েছে ৩ কোটি ৭০ লাখ ডলার। http://bonikbarta.net

মুন্নু সিরামিকের দর বেড়েছে ১৬%৭৯.

ঢাকা স্টক এক্সচেঞ্জে (ডিএসই) গত সপ্তাহে মুন্নু সিরামিক ইন্ডাস্ট্রিজ লিমিটেডের শেয়ারদর ১৬ দশমিক ৭৯ শতাংশ বেড়েছে। এতে দরবৃদ্ধির তালিকায় দুই নম্বরে উঠে আসে ‘এ’ ক্যাটাগরিভুক্ত সিরামিক কোম্পানিটি। সপ্তাহজুড়ে এ কোম্পানির ৪৫ কোটি ৩১ লাখ ৯০ হাজার কোটি টাকার শেয়ার হাতবদল হয়। বাজার পর্যবেক্ষণে দেখা গেছে, জানুয়ারির দ্বিতীয়ার্ধ থেকেই ঊর্ধ্বমুখী রয়েছে মুন্নু সিরামিকসের শেয়ারদর। ১৮ জানুয়ারি কোম্পানিটির শেয়ারদর ছিল ৯০ টাকার নিচে। সপ্তাহের শেষ কার্যদিবসে তা ১২৪ টাকা ৫০ পয়সায় উন্নীত হয়। এদিকে সর্বশেষ হিসাব বছরের লভ্যাংশ বিতরণ সম্পন্ন করায় স্টক এক্সচেঞ্জে ‘বি’ থেকে ‘এ’ ক্যাটাগরিতে উন্নীত হয়েছে মুন্নু সিরামিক। ক্যাটাগরি পরিবর্তনের কারণে ৩০ কার্যদিবস এ কোম্পানির শেয়ারের বিপরীতে কোনো মার্জিন ঋণ সুবিধা পাবেন না বিনিয়োগকারীরা। ৩০ জুন সমাপ্ত ২০১৭ হিসাব বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পর্যালোচনা করে ৫ শতাংশ নগদ ও ৫ শতাংশ স্টক লভ্যাংশ দিয়েছে মুন্নু সিরামিক। ২০১৭ হিসাব বছরে কোম্পানিটির শেয়ারপ্রতি আয় (ইপিএস) হয়েছে ১১ পয়সা। ৩০ জুন কোম্পানির শেয়ারপ্রতি নিট সম্পদমূল্য (এনএভিপিএস) দাঁড়ায় ৯৪ টাকা ৩২ পয়সায়। http://bonikbarta.net

যুক্তরাজ্য থেকে বাংলাদেশের রফতানি আয় বেড়েছে ১৭%

ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) থেকে বেরিয়ে আসার (ব্রেক্সিট) সিদ্ধান্ত নেয়ার পরপরই যুক্তরাজ্যের মুদ্রা পাউন্ডের অবমূল্যায়ন শুরু হয়। ফলে দেশটিতে পণ্য রফতানি বাবদ অর্জিত আয় কমে যায় বাংলাদেশের। বর্তমানে এ পরিস্থিতি কাটতে শুরু করেছে। মুদ্রাবাজারে ক্রমেই শক্তিশালী হয়ে উঠছে পাউন্ডের বিনিময় হার, যার প্রভাবে যুক্তরাজ্য থেকে বাংলাদেশের রফতানি আয়েও দেখা দিয়েছে ব্যাপক উল্লম্ফন। চলতি ২০১৭-১৮ অর্থবছরের প্রথম সাত মাসে (জুলাই-জানুয়ারি) দেশটি থেকে বাংলাদেশের রফতানি আয় বেড়েছে ১৭ শতাংশ। জানা গেছে, যুক্তরাজ্যে ব্রেক্সিটের সিদ্ধান্ত চূড়ান্ত হয় ২০১৭ সালের মার্চে। এর ফলশ্রুতিতে অবমূল্যায়ন ঘটে পাউন্ডের। সে সময় বাংলাদেশী মুদ্রায় পাউন্ডের বিনিময় হার ১২৮ টাকা থেকে নেমে আসে ৯৫ টাকায়। বর্তমানে সে পরিস্থিতি বদলেছে। আবার

শক্তিশালী হয়ে উঠছে পাউন্ড। প্রতি পাউন্ডের বিপরীতে এখন পাওয়া যাচ্ছে ১২৮ টাকা করে, যার ইতিবাচক প্রভাব দেখা যাচ্ছে বাংলাদেশের রফতানি আয়ে। http://bonikbarta.net

ছোট ও আধুনিক কৃষিযন্ত্র উদ্ভাবনে গুরুত্বারোপ

আমাদের জমি ছোট। অনেক সময় বড় যন্ত্র ব্যবহার করা যায় না। তাই কৃষিকে লাভজনক করতে কৃষকের কথা মাথায় রেখে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গিতে ছোট ও কার্যকর যন্ত্রপাতি উদ্ভাবন করতে হবে। আমাদের ধানের কিছু জাত আছে, যেগুলো নুইয়ে পড়ে। এ ধরনের ধান কাটার কোনো যন্ত্র আমাদের নেই। হেলে বা নুইয়ে পড়া ধান কাটার জন্য আধুনিক যন্ত্রপাতি আমদানি বা উদ্ভাবন করতে হবে। গতকাল সকালে রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশনে প্রথমবারের মতো শুরু হওয়া তিন দিনব্যাপী 'জাতীয় কৃষি যন্ত্রপাতি মেলা-২০১৮'-এর উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী এ কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন। কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পিপিসি) মোহাম্মদ নজমুল ইসলামের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক কৃষিবিদ মোহাম্মদ মহসীন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষিশক্তি ও যন্ত্র বিভাগের প্রফেসর ড. মো. মঞ্জুরুল আলম। প্রবন্ধের ওপর আলোচনায় অংশ নেন কৃষি গবেষণা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক ড. ওয়ায়েস কবীর। http://bonikbarta.net

আর্থিক সংকটের পর সবচেয়ে বাজে সপ্তাহ পার

শুক্রবার যুক্তরাষ্ট্রের শেয়ারবাজারে মিশ্র পরিস্থিতি দেখা গেছে। সারা দিন লেনদেন অস্থিতিশীল থাকলেও শেষ মুহূর্তে বাজারে কিছুটা স্থিতিশীলতা ফিরে আসে। তার পরও ২০০৮-০৯ সালের আর্থিক সংকটের পর সবচেয়ে বাজে সপ্তাহ পার করল যুক্তরাষ্ট্রের শেয়ারবাজার। খবর ফিন্যান্সিয়াল টাইমস। সপ্তাহজুড়েই ইকুইটি চক্রাকারে আবর্তিত হয়েছে, শুক্রবারও এর ব্যতিক্রম ছিল না। শুক্রবার নিউইয়র্কের প্রথম অধিবেশনে এসঅ্যান্ডপি ৫০০ সূচককে ১ দশমিক ৫ শতাংশ পর্যন্ত উপরে উঠতে দেখা গেছে। কিন্তু এর পরই মধ্যদিনের লেনদেনে সূচকটি ১ দশমিক ৯ শতাংশ নিচে নেমে যায় এবং দিন শেষে আবার ১ দশমিক ৫ শতাংশ উর্ধ্বগতি দিয়ে লেনদেন শেষ করে। ওয়াল স্ট্রিটের অন্য দুই প্রধান সূচক ডাও জোনস ইন্ডাস্ট্রিয়াল অ্যাভারেজ ও নাসডাক কম্পোজিটও সাম্প্রতিক সময়ে যতটুকু হারিয়েছে তার কিছুটা ফিরে পেয়েছে। ১ দশমিক ৪ শতাংশ উর্ধ্বগতি দিয়ে দুটি সূচকই লেনদেন শেষ করেছে। http://bonikbarta.net

২৫ কোটি ডলারে ওয়েমোর সঙ্গে উবারের সমঝোতা

সানফ্রান্সিসকোর আদালতে উবারের বিরুদ্ধে দায়ের করা ওয়েমোর বাণিজ্য গোপনীয়তা চুরির মামলা নিষ্পত্তি হয়েছে। ওয়েমোকে নিজেদের শূন্য দশমিক ৩৪ শতাংশ শেয়ার প্রদানে উবার সম্মত হওয়ায় এ নিষ্পত্তি হয়। উবারের বাজারমূল্য অনুযায়ী এ শেয়ারের মূল্য ২৪ কোটি ৫০ লাখ ডলার। খবর ব্লুমবার্গ ও এএফপি। সিলিকন ভ্যালির দুই জায়ান্টের মধ্যে এ আলোচিত মামলাটি নিষ্পত্তি হয় শুক্রবার। দুই পক্ষের মধ্যে এ চুক্তিটি নিয়ে অবহিত, এমন একটি উৎস জানায়, ওয়েমোর সঙ্গে মামলাটি নিষ্পত্তিতে উবারের শূন্য দশমিক ৩৪ শতাংশ শেয়ার দিতে হচ্ছে। ৭ হাজার ২০০ কোটি বাজারমূল্যের উবারের ওই পরিমাণ শেয়ারের অর্থমূল্য প্রায় ২৫ কোটি ডলার। http://bonikbarta.net

২ দিনে সয়াবিন তেলের দাম বাড়ল মণে সর্বোচ্চ ২০০ টাকা

কিছুদিন থেকে দেশের বাজারে ভোজ্যতেলের দাম স্থিতিশীল ছিল। তবে গতকাল সয়াবিন তেল ও পাম অয়েলের বাজার পরিস্থিতি বদলেছে। দুদিনের ব্যবধানে ভোজ্যতেলের পাইকারি বাজারে দাম মণপ্রতি সর্বোচ্চ ২০০ টাকা বেড়েছে। ভোজ্যতেলের হঠাৎ মূল্যবৃদ্ধির পেছনে সরবরাহ সংকটকে দায়ী করছেন পাইকারি ব্যবসায়ীরা। তাদের দাবি, বন্দরে আমদানি করা ভোজ্যতেল খালাসে কিছুটা জটিলতা সৃষ্টি হয়েছে। http://bonikbarta.net